



সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ

জাগুয়া, কালিজিরা, বরিশাল-৮২০৬, বরিশাল, বাংলাদেশ।

যোগাযোগঃ +৮৮০ ১৩২৪১৬৫৬১১

ইমেইলঃ samcbs118@gmail.com

ওয়েবসাইটঃ www.samcb.edu.bd

(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং বিএমডিসি কারিকুলাম অনুযায়ী পরিচালিত)

২০২০-২০২১ শিক্ষাবর্ষে এমবিবিএস (১ম ব্যাচ) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গৃহীত ০২-০৪-২০২১ ইং তারিখের লিখিত ১ম বর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বেসরকারী মেডিকেল কলেজ সমূহের জন্য নির্ধারিত ছাত্র-ছাত্রী যাহারা লিখিত পরীক্ষায় কমপক্ষে ৪০(চল্লিশ) নম্বর পেয়ে পাস করেছেন, তাহাদের মধ্যে হইতে সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের নিকট আবেদন পত্র আহবান করা যাইতেছে।

- ✓ আবেদনকারীদের মধ্যে হইতে মেধাক্রম অনুযায়ী ভর্তির তালিকা প্রকাশ করা হইবে।
- ✓ মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য কেন্দ্রীয় পরীক্ষায় নির্বাচিতদের মধ্যে হইতে পৃথক ভাবে আবেদন করিতে হইবে এবং বিধি মোতাবেক মেধার ভিত্তিতে সংরক্ষিত আসনে ভর্তির সুযোগ দেয়া হইবে।
- ✓ অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য ৫% আসনে ভর্তির সুযোগ থাকিবে।

আবেদন পত্রের সাথে প্রদেয় প্রয়োজনীয় কাগজ পত্রঃ

১. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত লিখিত পরীক্ষার প্রবেশ পত্র (এডমিট কার্ড) ও মেরিট স্কোরের সত্যায়িত অনুলিপি।
২. এসএসসি, এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মার্কসীট/ট্রাসক্রিপ্ট, পরীক্ষা পাসের সনদপত্র/প্রশংসা (Testimonial) পত্রের অনুলিপি (“ও” এবং “এ” লেভেল এর শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সমমানের সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি)
৩. ০৪(চার) কপি পাসপোর্ট সাইজ ও ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত রঙিন ছবি (সংযুক্ত ছবি ও প্রবেশ পত্রে লাগানো ছবির সাথে তার বর্তমান প্রদত্ত ছবি একই হতে হবে।
৪. ফরম ক্রয়ের রশিদের মূল কপি।

আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ ০৫ জুন ২০২১ ইং হইতে ১৫ জুন ২০২১ ইং (প্রতিদিন সকাল ০৮ টা থেকে দুপুর ০২ টা পর্যন্ত)

ফল প্রকাশঃ ১৯ জুন ২০২১ ইং।

আবেদন ফরম ফিঃ ১,০০০/- (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য)।

আবেদন ফরম প্রাপ্তি ও জমাদান স্থানঃ সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ, জাগুয়া, কালিজিরা, বরিশাল-৮২০৬।

বিস্তারিত তথ্যের জন্যঃ মোবাইলঃ ০১৩২৪১৬৫৬১১/০১৩২৪১৬৫৬০৭, ওয়েবসাইটঃ www.samcb.edu.bd

অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ
অধ্যক্ষ
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ,
বরিশাল